দৈনিক আমাদের সময়

তারিখ 30 AUG 2016
পৃষ্ঠা ৭

# কাল থেকে শুরু এমবিবিএস ভর্তি ফরম বিতরণ

নিজস্ব প্রতিবেদক ●

সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষার ফরম বিতরণ আগামীকাল ৩১ আগস্ট বুধবার থেকে শুরু হবে। গতকাল সোমবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলামের সভাপতিত্বে মেডিক্যাল কলেজে ভর্তিসংক্রান্ত এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

এমবিবিএস পরীক্ষায় অংশ নিতে আগ্রহী শিক্ষার্থীদের টেলিটক মোবাইলফোনের মাধ্যমে নগদ ১ হাজার টাকা পরিশোধ করে অনলাইনে ভর্তি ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে ভর্তি ফরম পূরণ করা যাবে আগামী ২০ সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত। আগামী ৭ অক্টোবর এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। আসন্ন ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রশ্নপত্র প্রণয়নে সর্বোচ্চ সতর্কতা গ্রহণের ব্যাপারে চিকিৎসা শিক্ষা বিশেষজ্ঞদের মতামত নেওয়া হয়েছে।